

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brd.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৪৬.১৯.৭৬১৭

তারিখ: ১৮ আগস্ট ২০২১ খ্রি।


বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক- ২০২০ প্রদানের নিমিত্ত প্রার্থী তালিকা প্রেরণ।

সূত্র : ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৪৬.১৯.২০৩৬, তারিখঃ ০৪/০৩/২০২১খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য ২০২০ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা ও সভার কার্যবিবরণী'র ছায়াছবি ১০ জুন, ২০২১খ্রি. এর মধ্যে পরিচালক (সরেজমিন), বিআরডিবি বরাবর হার্ডকপি ও কার্যবিবরণীর সফটকপি (এমএসওয়ার্ড ও পিডিএফ) ddcoop@brdb.gov.bd বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি তা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা আগামী ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


১৮/০৮/২০২১

মোঃ জিয়াউর রশীদ
উপপরিচালক (সমবায়)
ফোনঃ ৮১৮০০২৯

উপপরিচালক

বিভাগীয় জেলা দপ্তর, বিআরডিবি (ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ)।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, জেলা দপ্তর (সকল), বিআরডিবি।
- ২) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪) পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।